

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩
Mymensingh Palli Bidyut Samity-3
(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)

ISO 9001:2015 Certified

ময়মনসিংহ পবিস-৩
শত্ৰুগঞ্জ, সদর, ময়মনসিংহ।
Email: mpbs3@yahoo.com
Web: pbs3.mymensingh.gov.bd



স্মারক নং-২৭.১২.৬১৫২.৫৬৪.০২.০০৮.২১. ৭১)৭ ৭

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ
২৭ মে, ২০২১ খ্রিস্টাব্দ

“আইন উপদেষ্টা নিয়োগ বিজ্ঞপ্তি”

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর মামলা মোকদ্দমা পরিচালনার জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে চুক্তিভিত্তিতে একজন আইন উপদেষ্টা নিয়োগের নিমিত্ত আগ্রহী প্রার্থীগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

- ০১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০২। যারা আইন ব্যবসায় জেলা জজ কোর্ট/ সহকারী জজ কোর্ট/ উপজেলা কোর্টে কমপক্ষে ০৮ (আট) বৎসর যাবত নিয়োজিত আছেন এবং অবসরপ্রাপ্ত জুডিসিয়াল জজ যারা আইন ব্যবসায় জেলা পর্যায়ে (শুধুমাত্র ময়মনসিংহ জেলা) নিয়োজিত আছেন তারাই আবেদন করতে পারবেন।
- ০৩। বার কাউন্সিলের এনরোলমেন্ট সার্টিফিকেটসহ Degree in Law ও অন্যান্য সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, নাগরিকত্ব সনদ এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি ও সাম্প্রতিক তোলা তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৪। মাসিক ৩০০০.০০ (তিন হাজার) টাকা রিটেইনার ফি সহ নিম্ন আদালত, হাইকোর্ট, সুপ্রীম কোর্টে মামলা পরিচালনার জন্য বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অনুমোদিত নির্ধারিত হারে ফি প্রদান করা হবে।
- ০৫। অন্য কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে আইন উপদেষ্টা হিসাবে নিয়োজিত থাকলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।
- ০৬। আইন উপদেষ্টা ০৩ (তিন) বৎসরের জন্য চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। নিয়োগ প্রাপ্তির পর চুক্তিকালীন উভয় পক্ষ কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের অগ্রীম নোটিশের মাধ্যমে চুক্তি বাতিল করতে পারবেন।


উপরোক্ত পদে নিয়োগ লাভে আগ্রহী প্রার্থীগণ সাদা কাগজে নিম্নবর্ণিত তথ্যাদি উল্লেখ পূর্বক প্রয়োজনীয় কাগজপত্র সম্বলিত দরখাস্ত আগামী ১৪/০৬/২০২১ খ্রিঃ তারিখ রোজ সোমবার বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর পৌঁছাতে হবে।

- ক) (১) আবেদনকারীর নাম :
- (২) পিতার নাম :
- (৩) মাতার নাম :
- (৪) জন্ম তারিখ :
- (৫) শিক্ষাগত যোগ্যতা :
- খ) বর্তমান ঠিকানা :
- গ) স্থায়ী ঠিকানা :
- ঘ) এ্যাডভোকেট হিসাবে এনরোলমেন্টের তারিখ :
- ঙ) আইন পেশায় নিয়োজিত কাল :
- (১) সহকারী জজ কোর্ট/উপজেলা কোর্ট :
- (২) জজ কোর্ট :
- (৩) হাইকোর্ট ডিভিশন/সুপ্রীম কোর্ট এর আপিলিয়েড ডিভিশন :
- চ) আইন উপদেষ্টা পদে পূর্ব অভিজ্ঞতা :
- ছ) সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত অথবা অন্যান্য প্রতিষ্ঠানে আইন উপদেষ্টা হিসাবে নিয়োজিত থাকলে তার বিস্তারিত বিবরণ :
- ০৭। নিয়োগ সংক্রান্ত বিষয়ে যে কোন সমস্যার উত্তর হলে ময়মনসিংহ পবিস-৩ কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।


(খঃ শামীম আলম)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

অনুলিপি : (সদয় অবগতির জন্য)।

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মনিটরিং ব্যাং ও পঃ (কেঃঅঃ)/ পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার -----পবিস-১/২/৩/৪।
- ০৪। সভাপতি, জেলা আইনজীবী সমিতি, ময়মনসিংহ।
- ০৫। ডিজিএম, কারিগরী/ফুলপুর/ঈশ্বরগঞ্জ/হালুয়াঘাট জোনাল অফিস, মপবিস-৩।
- ০৬। এজিএম (ওএন্ডএম), খোঁবাউড়া/তারাকান্দা সাব-জোনাল অফিস, মপবিস-৩।
- ০৭। জুনিঃ ইঞ্জিঃ (আইটি), মপবিস-৩ (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।
- ০৮। নোটিশ বোর্ড, মপবিস-৩।
- ০৯। অফিস কপি/ মাস্টার কপি।


(খঃ শামীম আলম)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)